

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/ইনোভেশন/২২৪/২০১৫/১৯৪৩

তারিখ : ২৪/০৯/২০১৭

বিষয় : স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ইনোভেশন কমিটির গত ২০/০৯/২০১৭

খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

-স্বাক্ষরিত-
(এ.কে.এম আমিনুল ইসলাম)
পরিচালক (উপ-সচিব)
ও
ইনোভেশন অফিসার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

বিতরণ :

কার্যক্রম :

- ১। জনাব মোঃ আলমগীর কবির, নির্বাহী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ২। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়।
- ৩। জনাব মোঃ হামিদুল হক খান, সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৪। জনাব আয়েশা মাহেনুর আফরোজ, সহকারী প্রকৌশলী, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৫। জনাব মুহম্মদ আসাদুল্লাহ, এপিস্টেমটর (তড়িৎ), এইচইডি, ঢাকা সিটি বিভাগ।
- ৬। জনাব সৈয়দ মোঃ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।
- ৭। জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : জনাব মোঃ লুৎফর রহমান, উপ- সচিব, প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬।
- ৪। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প ব্যবস্থাপনা ১/২, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সহকারী প্রধান স্থপতি, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এইচইডি, (সকল) বিভাগ।
- ৭। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : এ কে এম আমিনুল ইসলাম
পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান : সভাকক্ষ, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২০/০৯/২০১৭ খ্রিঃ, সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ পর্যায়ে তিনি সভার পটভূমি তুলে ধরেন। অতঃপর তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয় কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান। জনাব মোঃ আব্দুল হামিদ, নির্বাহী প্রকৌশলী (তড়িৎ) সভাকে জানান যে, গত ১৩/০৮/২০১৭ খ্রিঃ তারিখে এইচইডি'র ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী অনলাইনে লাইসেন্স নবায়ন ও উৎসে কর কর্তনের প্রত্যয়নপত্র প্রদানের প্রক্রিয়া সহজীকরণ সেবা চালুকরণের লক্ষ্যে সভায় আলোচনা করা হয়।

২। মাঠ পর্যায়ের ইনোভেশন আইডিয়াসমূহ সংগ্রহ, পর্যবেক্ষণ ও বাস্তবায়নের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। ইনোভেশন আইডিয়া সংগ্রহপূর্বক বাস্তবায়নের জন্য পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

৩। সভায় এইচইডিতে ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনার জন্য জনাব সৈয়দ মোঃ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা, এইচইডি, প্রধান কার্যালয়কে অনুরোধ জানানো হয়। জনাব সৈয়দ মোঃ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা জানান যে, এইচইডিতে ই-ফাইলিং চালুকরণের জন্য গত এপ্রিল ও মে'২০১৭ মাসে দুটি ধাপে এইচইডি'র মোট ২০ জন কর্মকর্তা ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নের জন্য সার্কেল ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা দরকার। সভায় এইচইডি'র একটি শাখাতে ই-ফাইলিং চালুকরণের জন্য সমস্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- ই-ফাইলিং পদ্ধতি চালুকরণের লক্ষ্যে অবিলম্বে সার্কেল ও বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে ইনোভেশন টিম গঠনের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।
- অনলাইনে লাইসেন্স নবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

-স্বাক্ষরিত-
এ কে এম আমিনুল ইসলাম
পরিচালক (উপ-সচিব)
ও
ইনোভেশন অফিসার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।